যুগান্তর

তারিখ 09 DEC 2016
পৃষ্ঠা ২১ কলাম ৬

বিসিএস শিক্ষা ক্যাডার

# ক্লাস ফেলে শিক্ষা ভবনে কর্মকর্তাদের সমাবেশ

যুগান্তর রিপোর্ট

ক্লাস ও অফিস ফেলে বিসিএস শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা বৃহস্পতিবার রাজধানীর শিক্ষা ভবনে সমাবেশ করেছেন। জাতীয়করণকৃত কলেজের শিক্ষকদের নন-ক্যাডার হিসেবে ঘোষণাসহ বিভিন্ন দাবিতে তাদের এ কর্মসূচি ছিল। সমাবেশ থেকে দাবিগুলো আদায়ে ৩ সপ্তাহের আলটিমেটাম দেয়া হয়েছে। ৩১ ডিসেম্বরের মধ্যে দাবি বাস্তবায়নের ব্যাপারে দৃশ্যমান কোনো পদক্ষেপ না নিলে কঠোর কর্মসূচিতে যাওয়ার ঘোষণা দিয়েছেন সমিতির নেতারা।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতি এ সমাবেশ ডেকেছিল। শিক্ষা ভবনের শহীদ মিনারে অনুষ্ঠিত এ সমাবেশে ঢাকার বিভিন্ন অধিদফতর, শিক্ষা বোর্ডসহ সরকারি অফিসসহ দেশের বিভিন্ন স্থান ও কলেজ থেকে আসা কয়েকশ' শিক্ষক যোগ দেন। সমাবেশে সভাপতিত্ব করেন সমিতির সভাপতি অধ্যাপক আইকে সেলিমউল্লাহ খোন্দকার। বক্তব্য রাখেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক অধ্যাপক ড. এসএম ওয়াহিদুজ্জামান, ঢাকা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান, সমিতির মহাসচিব শাহেদুল খবীর চৌধুরী, সহ-সভাপতি ও সরকারি আশেক মাহমুদ কলেজের অধ্যক্ষ মুজাহিদ বিল্লাহ ফারুকী, সমিতির চট্টগ্রাম অঞ্চলের সহ-সভাপতি সুকুমার দত্ত, অলিউল্লাহ মো. আজমতগীর, সহিদুল ইসলাম, ঢাকা শিক্ষা বোর্ডের উপপরীক্ষা নিয়ন্ত্রক মাসুদা বেগমসহ অন্তত ৪০ জন। এ সময় বক্তাদের পায়ে জুতা ছিল। শহীদ মিনারে এভাবে জুতা পায়ে ঢোকায় সমালোচনা সৃষ্টি হয়েছে।

'বিসিএস ছাড়া ক্যাডারভুক্তি নয়' — এ স্লোগান নিয়ে অনুষ্ঠিত সমাবেশে বক্তারা বলেন, মাননীয় প্রধানমন্ত্রী জাতীয়করণকৃত কলেজের শিক্ষকদের সংশ্লিষ্ট কলেজে কর্মরত রাখার ব্যাপারে অনুশাসন দিয়েছেন। এতেই প্রমাণিত হয় যে, ক্যাডারভুক্ত হবেন না। তাছাড়া শিক্ষা ক্যাডারের মর্যাদার কথা জাতীয় শিক্ষানীতিতেও বলা আছে। সমিতির সভাপতি বলেন, এই দুই বিষয়কে সামনে রেখে জাতীয়করণকৃত কলেজের শিক্ষকদের ব্যাপারে স্বতন্ত্র নীতিমালা করতে হবে। তাদের ক্যাডারভুক্ত করা যাবে না। ৩১ ডিসেম্বরের মধ্যে দৃশ্যমান কোনো পদক্ষেপ না নিলে পরে কঠোর কর্মসূচিতে যাবে সমিতি। তিনি বৃহস্পতিবার রাতে যুগান্তরকে জানান, কর্মসূচি ঠিক করতে আজ সমিতি বৈঠকে বসছে। এদিকে সমাবেশে বিভিন্ন কলেজ এবং শিক্ষা বিভাগের সরকারি অফিসের কর্মকর্তারা যোগ দেয়ায় দাফতরিক কর্মকাণ্ড এবং কলেজে ক্লাস ঠিকমতো হয়নি।